



স্মারকনং- বেরোবি/রেজি:/

তারিখঃ ২৪ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

স্নাতক (সম্মান) ১ম বর্ষ ভর্তির বিজ্ঞপ্তি:

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর-এ ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণিতে ১ম বর্ষে শিক্ষার্থী ভর্তির জন্য বিভাগ ভিত্তিক ৬ষ্ঠ তালিকা প্রকাশ করা হয়েছে। ফলাফল জানতে ভিজিট করুন <http://admission.brur.ac.bd/>। ১ম, ২য়, ৩য়, ৪র্থ এবং ৫ম তালিকা হতে ভর্তিকৃত শিক্ষার্থীদের পছন্দক্রম অনুযায়ী Auto-Migration প্রক্রিয়া (প্রযোজ্য ক্ষেত্রে) শেষে মেধাক্রম ও পছন্দক্রম অনুযায়ী বিভাগ সমূহের অবশিষ্ট শূন্য আসনের বিপরীতে বিষয় বরাদ্দ করে ৬ষ্ঠ তালিকা প্রকাশ করা হয়েছে। ৬ষ্ঠ তালিকায় A ইউনিটের মেধা তালিকার ২৩৫৪ পর্যন্ত, B ইউনিটের মেধা তালিকার ৯৯০ পর্যন্ত এবং C ইউনিটের মেধা তালিকার ৯৭১ পর্যন্ত বিষয় বরাদ্দ করা হয়েছে।

উল্লেখ্য, Auto-Migration প্রক্রিয়া (প্রযোজ্য ক্ষেত্রে) সম্পন্ন হওয়ার পর আসন ফাঁকা থাকা সাপেক্ষে নিম্নবর্ণিত সিডিউল মোতাবেক তালিকা প্রকাশ ও অনলাইনে ভর্তির কার্যক্রম পরিচালনা করা হবে।


তালিকার ক্রম	প্রকাশের তারিখ, বার ও সময়		ভর্তির তারিখ, বার ও সময়	
	তারিখ ও বার	সময়	তারিখ ও বার	সময়
৬ষ্ঠ তালিকা	২৪-০১-২০২২ সোমবার	রাত ১১:০০ মিনিট	২৫-০১-২০২২ মঙ্গলবার	সকাল: ১১:০০ মি. হতে বিকাল ৩:০০ মি.
৭ম তালিকা	২৫-০১-২০২২ মঙ্গলবার	রাত ১১:০০ মিনিট	২৬-০১-২০২২ বুধবার	সকাল: ১১:০০ মি. হতে বিকাল ৩:০০ মি.

ভর্তির ফিস : সকল বিভাগের জন্য ভর্তির প্রারম্ভিক ফিস ৯,৫১৫/- (নয় হাজার পাঁচশত পনের) টাকা মাত্র।

(বিঃ দ্রঃ ভর্তির সকল প্রক্রিয়া এবং Auto-Migration এর সর্বশেষ তালিকা প্রকাশের পর শিক্ষার্থীরা যে বিভাগে সর্বশেষ অবস্থান করবেন সে বিভাগের অতিরিক্ত ফিস (যদি থাকে) সমন্বয় করতে হবে।

অনলাইনে ভর্তির প্রক্রিয়া :

- ১। বিষয় বরাদ্দ প্রাপ্ত শিক্ষার্থীদেরকে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ভর্তি সংক্রান্ত অফিসিয়াল মেইল admission@brur.ac.bd-এ নিম্নোক্ত কাগজপত্রাদির স্ক্যান কপি পাঠাতে হবে।
(ক) এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড, নম্বরপত্র এবং মূল সার্টিফিকেট/সাময়িক সনদপত্র/প্রশংসাপত্রের কপি।
(খ) গুচ্ছভুক্ত ভর্তি পরীক্ষার প্রবেশপত্রের কপি।
(গ) পাসপোর্ট সাইজের ছবি (গুচ্ছভুক্ত ভর্তি পরীক্ষার প্রবেশ পত্রে ব্যবহৃত ছবির সাদৃশ্য হতে হবে)।
- ২। মেইল পাঠানোর সময় শিক্ষার্থীদেরকে মেইলের Subject Line-এ Admission Papers, GST রোল ও HSC রোল লিখতে হবে। নমুনা:



- ৩। অতঃপর শিক্ষার্থীদেরকে <http://admission.brur.ac.bd/> সাইটে GST রোল ও রেজিস্ট্রেশন পিন নম্বর দিয়ে লগইন করে Payment Option এ গিয়ে Mobile Financial Service (Bkash/Rocket/Nagad) ব্যবহার করে ভর্তির প্রারম্ভিক ফি ৯,৫১৫/- + Payment Charge (৯৭/-) টাকাসহ = ৯,৬১২/- (নয় হাজার ছয়শত বারো) টাকা প্রদান করতে হবে।
- ৪। ভর্তির ফি প্রদান করার পর শিক্ষার্থীগণ Admission Confirmation Slip এর PDF কপি ডাউনলোড করে সংরক্ষণ করবেন।

*** প্রকাশিত ফলাফলের সকল প্রকার সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,

সদস্য-সচিব

ভর্তি কমিটি

২০২০-২০২১ শিক্ষাবর্ষ

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।